



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/২৩৩২১১৩১৮৩৫১/ ৪২/৬ /চট্টগ্রাম-৩৩৯

তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ
০২ ডিসেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ


বিষয়: অনুমোদিত নির্বাহী কমিটি বাতিল করণ প্রসঙ্গে

- সূত্র: ১) মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশা/২৪০২১১৩১৮৩৫১/৩৫০২৪/নথি নং-৩৩৯; তারিখ: ২৪.০২.২০২১ খ্রি.
 ২) মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশা/২৩৩২১১৩১৮৩৫১/১৩/২/চট্টগ্রাম-৩৩৯; তারিখ: ২৪.০৫.২০২১ খ্রি.
 ৩) উপজেলা নির্বাহী অফিসারের স্মারক নং-০৫.২০.১৫৫৩.০০২.০৭.০৩৪.১৯.২১-৪৮৮; তারিখ: ২৭.০৬.২০২১ খ্রি.
 ৪) মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশা/২৩৩২১১৩১৮৩৫১/২৫/২/চট্টগ্রাম-৩৩৯; তারিখ: ২৪.০৯.২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের আলোকে, চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলাধীন মৌলভী নজির আহমদ আদর্শ দাখিল মাদ্রাসার নির্বাহী কমিটি অত্র বোর্ড কর্তৃক সূত্রোক্ত ০১ (এক) নং স্মারকে অনুমোদন দেওয়া হয়। কিন্তু অনুমোদিত নির্বাহী কমিটির বিরুদ্ধে সাবেক সভাপতি (প্রতিষ্ঠাতা দাবীদার) আমেনা আল সাফা একখানা অভিযোগ দাখিল করেছেন। অভিযোগ পর্যালোচনায় দেখা যায় অভিযোগকারীর পিতা হাজী মো: সফিউল্লাহ মাদ্রাসাটির একক প্রতিষ্ঠাতা। প্রতিষ্ঠাতা মারা যাওয়ার পর অভিযোগকারী ও তার দুই ভাই মাদ্রাসায় ২ একর ২৪.৫ শতক জমি দান করেছেন মর্মে অভিযোগে উল্লেখ করেছেন। অভিযোগকারীর অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত করে প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, মীরসরাই, চট্টগ্রামকে পত্র দেওয়া হয়। উপজেলা নির্বাহী অফিসার সরেজমিনে তদন্ত করে সূত্রোক্ত ০৩ নং স্মারকে একখানা প্রতিবেদন প্রেরণ করেছেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে সূত্রোক্ত ০১ নং স্মারকে অনুমোদিত নির্বাহী কমিটির সভাপতি জনাব মো: আনোয়ার হোসেন প্রতিষ্ঠাতা নন মর্মে তদন্ত কারী কর্মকর্তা মতামত প্রদান করেছেন। এরই প্রেক্ষিতে অত্র বোর্ড কর্তৃক অনুমোদিত নির্বাহী কমিটি কেন ভেঙে দেওয়া হবে না ১০ (দশ) কর্মদিবসের মধ্যে ব্যাখ্যা প্রদানের জন্য মাদ্রাসা প্রধানকে সূত্রোক্ত ০৪ নং স্মারকে কারণ দর্শানো হয়। মাদ্রাসা প্রধান যে জবাব দাখিল করেছেন তা সন্তোষজনক নয় মর্মে প্রতীয়মান হয়।

বর্ণিত অবস্থায় মাদ্রাসা প্রধানের দাখিলকৃত জবাব সন্তোষজনক না হওয়ায় এবং তদন্তকারী কর্মকর্তার মতামত অনুযায়ী অভিযোগকারীর অভিযোগ প্রমাণিত হওয়ায় বোর্ড কর্তৃক অনুমোদিত সূত্রোক্ত ০১ নং স্মারকের নির্বাহী কমিটি এতদ্বারা বাতিল করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


 মোঃ সিদ্দিকুর রহমান
 রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd


- সভাপতি,
মৌলভী নজির আহমদ আদর্শ দাখিল মাদ্রাসা, মীরসরাই, চট্টগ্রাম;
- সুপার,
মৌলভী নজির আহমদ আদর্শ দাখিল মাদ্রাসা, মীরসরাই, চট্টগ্রাম।

নং-বামাশিবো/প্রশা/২৩৩২১১৩১৮৩৫১/ ৪২/৬ /চট্টগ্রাম-৩৩৯

তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ
০২ ডিসেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- জেলা প্রশাসক, চট্টগ্রাম;
- জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম;
- উপজেলা নির্বাহী অফিসার, মীরসরাই, চট্টগ্রাম;
- আমেনা আল সাফা (সাবেক সভাপতি ও অভিযোগকারী),
মৌলভী নজির আহমদ আদর্শ দাখিল মাদ্রাসা, মীরসরাই, চট্টগ্রাম;
- পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
- অফিস কপি।


 মোঃ ওমর ফারুক
 উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd